

## বিজ্ঞপ্তি

নং- চ০.১০৬.০১১.০০.০২.০০১.২০১৫ . ২৪৩

তারিখ : ২৬.১২.২০১৬ খ্রিঃ

বিষয় : নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন নৌ-পরিবহন অধিদপ্তরের (সমুদ্র পরিবহন অধিদপ্তর) “সহকারী পরিচালক” ও “কো-অর্ডিনেটর” উভয় পদে যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ এবং মূল আবেদনপত্রের ফরম (BPS Form -3) পূরণ ও জমাদান প্রসংগে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন নৌ-পরিবহন অধিদপ্তরের (সমুদ্র পরিবহন অধিদপ্তর) “সহকারী পরিচালক” ও “কো-অর্ডিনেটর” পদে সরাসরি নিয়োগের জন্য লিখিত পরীক্ষা একই দিনে একই প্রক্ষেপে গত ২৭/০৫/২০১৬ খ্রিঃ তারিখে গ্রহণ করা হয়েছে। উক্ত দু’টি পদের লিখিত পরীক্ষার ফলাফল গত ১৫/১১/২০১৬ তারিখে প্রকাশিত হয়। এখানে উল্লেখ্য যে, উভয় পদে আবেদনকারী কোন যোগ্য প্রার্থী একটি পদে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হলে সে অন্য পদেও উত্তীর্ণ হয়েছেন মর্মে কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

২. উল্লেখ্য, সাময়িকভাবে প্রকাশিত ফলাফলে (Substantive) ত্রুটির কারণে সংশোধনের প্রয়োজন হলে কমিশন তা সংশোধনের অধিকার সংরক্ষণ করে।

৩. মৌখিক পরীক্ষার জন্য সাময়িকভাবে নির্বাচিত প্রার্থীদের রেজি: নম্বরসমূহ :

(ক) নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন নৌ-পরিবহন অধিদপ্তরের (সমুদ্র পরিবহন অধিদপ্তর) “সহকারী পরিচালক” :

000125 000219 000320 000530 000585 000666 000736 000816 000958 001000 200024 Total=11

(খ) নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন নৌ-পরিবহন অধিদপ্তরের (সমুদ্র পরিবহন অধিদপ্তর) “কো-অর্ডিনেটর”:

000055 000110 000167 000175 000219 000226 000235 000285 000360 000375 000382 000402  
000423 000480 000600 000602 000634 000637 000694 000710 000714 000752 000766 000880  
000929 000970 Total=26

৪. উত্তীর্ণ কোন প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের গুরুতর (Substantive) ঘাটতি দেখা গেলে লিখিত/মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

৫. নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন নৌ-পরিবহন অধিদপ্তরের (সমুদ্র পরিবহন অধিদপ্তর) “সহকারী পরিচালক” ও “কো-অর্ডিনেটর” পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ উল্লিখিত প্রার্থীদেরকে মূল আবেদনপত্রের ফরম ( BPS Form -3) কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd হতে ডাউনলোড করে যথাযথভাবে পূরণ পূর্বক সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল শিক্ষাগত যোগ্যতার /অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি, ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি সহ আগামী ০১.০১.২০১৭ খ্রিঃ তারিখ হতে ১২.০১.২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রতি কর্ম দিবসে সকাল ১০.০০ টা হতে বিকাল ৪.০০ টার মধ্যে কমিশন সচিবালয়ে জমা প্রদান করতে হবে। আবেদনপত্র হাতে হাতে অথবা ডাকযোগে প্রেরণ করা যাবে। আবেদনপত্র ডাকযোগে কমিশন সচিবালয়ের প্রধান কার্যালয়ের ঠিকানায় পরিচালক, ইউনিট-৬ বরাবর প্রেরণ করা যাবে। উল্লিখিত তারিখের মধ্যে মূল আবেদনপত্র জমা দিতে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না অর্থাৎ তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। এছাড়া লিখিত পরীক্ষায় উত্তীর্ণ এবং মূল আবেদনপত্রের ফরম (BPS Form -3) যাচাই বাছাইয়ের পর যোগ্য বিবেচিত হয়েছেন শুধুমাত্র এমন প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য সাময়িক ভাবে যোগ্য হিসেবে নির্বাচিত হবেন।

৬. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ এবং সাময়িকভাবে যোগ্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার তারিখ, সময়সূচি এবং অন্যান্য তথ্যাবলী পরবর্তীতে সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd এবং দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে।

[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন]

“চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে”

[ শেখ শাখাওয়াৎ হোসেন ]  
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)